রেজিস্ট্রার্ড

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০৫৯.১৭-৮১৬

তারিখঃ ০১ পৌষ ১৪২৫
১৫ ডিসেম্বর ২০১৮

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৪ এপ্রিল ২০১৮ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২.২০১৬-৬৬ নং পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত ০১ (এক) জনকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ অনুযায়ী ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে 'লাইব্রেরিয়ান' পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হইলঃ

| ক্রমিক নং | রেজিষ্ট্রেসন নম্বর | নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ০২৮৫২১ | মোঃ নাসিমুল হক | মোঃ হাসান মাহমুদ | বাড়ী, ফ্ল্যাট ও সড়ক নম্বর-৮০ সিটি কলেজ রোড গ্রাম/শহর-মহিষখোলা ডাকঘর-নড়াইল সদর থানা/উপজেলা-নড়াইল সদর, জেলা-নড়াইল | নড়াইল |

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তাঁহাকে অন্য যেকোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাঁহাকে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) লাইব্রেরিয়ান পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকরি হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহা হইলে তাঁহাকে চাকরিতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

A:\Reqruitment & Requisition\Upazilla Election Officer's Appointment Letter of 2018.docx

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(চ) যদি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হইবার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) তাঁহার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তবে আগামী ০১ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ/১৮ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে সম্মতিপত্রসহ 'লাইব্রেরিয়ান' পদে নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হইল। উক্ত তারিখে যোগদান না করিলে তিনি চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ
(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭/০১৫৫০০৪২০৩২

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০৫৯.১৭-৮১৬

তারিখঃ ০১ পৌষ ১৪২৫ / ১৫ ডিসেম্বর ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [সূত্রঃ তাঁহার ০৪ এপ্রিল ২০১৮ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২.২০১৬-৬৬ নং পত্রের সুপারিশ অনুযায়ী]।

৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

৬। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

৭। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, , ঢাকা।

৮। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

৯। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।

১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ---------------------- (সকল) ।

১১। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা। বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।

১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সি.এন্ড.এজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

১৪। নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।

১৬-১৯। মাননীয় নির্বাচন কমিশনার, জনাব..........................................এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার–এর সদয় অবগতির জন্য)।

২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার,..........................................(সকল)।

২২। উপজেলা/থানা নির্বাচন অফিসার,..........................................(সকল)।

২৩। জনাব মোঃ নাসিমুল হক, পিতাঃ মোঃ হাসান মাহমুদ।

বর্তমান ঠিকানাঃ (১) জিপি-চ, ৪৩/৭ হল, গ্রাম-মহাখালী, ডাকঘর-ওয়্যারলেছ গেইট, থানা-গুলশান, জেলা-ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ (২) বাড়ী, ফ্ল্যাট ও সড়ক নম্বর- ৮০ সিটি কলেজ রোড
গ্রাম/শহর-মহিষখোলা
ডাকঘর-নড়াইল সদর
থানা/উপজেলা-নড়াইল সদর, জেলা-নড়াইল।

২৪। অফিস কপি।

১৫-১১-২০১৮

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)